

## ময়মনসিংহে বিজ্ঞান ও প্রযুক্তি মেলা শুরু

ময়মনসিংহে ব্যুরো

শুক্রবার সকালে আনন্দমোহন কলেজে মিলনায়তনে দু'দিন ব্যাপী ঢাকা বিভাগীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা ২০১৫ শুরু হয়েছে। এতে ঢাকা বিভাগের ১৭টি জেলার স্কুল ও কলেজের ৮০টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮০ স্টল বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় অংশ নিচ্ছে। মেলার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান। আনন্দমোহন কলেজের অরপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর মো. জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা বিভাগীয় কমিশনার জিল্লার রহমান, জেলা প্রশাসক মুত্তাকিম বিল্লাহ ফারুকী, পুলিশ সুপার মঈনুল হক প্রমুখ।